গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়
পাইকগাছা, খুলনা
doict.paikgasa.khulna.gov.bd

# ফেব্রুয়ারি ২০২৬ মাসের উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ওয়াসিউজ্জামান চৌধুরী<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২৫ ফেব্রুয়ারি ২০২৬ |
| সভার সময় | বেলা ১২.৩০ টা |
| স্থান | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| উপস্থিতি | পৃথক রেজিস্টারে সংরক্ষিত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । আলোচ্য সূচী অনুযায়ী সভাপতি পূর্ববর্তী সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন । কার্যবিবরণীতে সংশোধন না থাকায় তা দৃঢ়করণ করা হয় । অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ;

১. আইসিটিডি ডিজিটাল ল্যাব ও ইউডিসি পরিদর্শন/দর্শন সংক্রান্ত

| ক্রম | পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম | ইউ এন ও কর্তৃক পরিদর্শন | ইউ এন ও কর্তৃক দর্শন | সহকারী প্রোগ্রামার কর্তৃক পরিদর্শন |
|---|---|---|---|---|
| ০১ | আইসিটিডি ডিজিটাল ল্যাব | ০০ | ০১ | ০৩ |
| ০২ | ইউডিসি | ০১ | ০২ | ০১ |

২. ইউডিসির আয় ও সেবার তথ্য:

| ক্রম | উপজেলার নাম | মাসের নাম | আয়ের তথ্য | সেবা গ্রহণকারীর তথ্য |
|---|---|---|---|---|
| ০১ | পাইকগাছা | জানুয়ারি-২০২৬ | ৭২৯৮২/- | ১২১৬ জন |

৩. সভার আলোচনা ও সিদ্ধান্ত

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | বিভাগীয় দপ্তরের ওয়েব পোর্টালের উন্নয়ন। | (ক) উপজেলা এবং বিভাগীয় ওয়েব পোর্টালের সকল তথ্য হালনাগাদ করতে হবে। বাংলার পাশাপাশি সকল তথ্য ইংরেজিতে হালনাগাদ করতে হবে।<br>(খ) পোর্টালটি দৃষ্টি নন্দন করতে হবে। ছবিসমূহ মানসম্পন্ন ও প্রতিনিধিত্বশীল হতে হবে। ফটো গ্যালারি আপডেটেড থাকতে হবে।<br>(গ) বিভিন্ন বিভাগীয় দপ্তরের পোর্টাল পর্যালোচনা করে দেখে যায় যে, নোটিশ, খবর, কর্মকর্তা, কর্মচারী, সিটিজেন চার্টার, তথ্য প্রদানকারী কর্মকর্তা, অনিক ও আপীল কর্মকর্তা নিয়মিত হালনাগাদ করেন না। পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। | দপ্তর প্রধান (সকল), পাইকগাছা, খুলনা। |
| ০২ | ইউনিয়ন ওয়েব পোর্টালসমূহের উন্নয়ন। | (ক) ইউনিয়ন ওয়েব পোর্টালের সকল তথ্য নতুন ফ্রেমওয়ার্কে বাংলা এবং ইংরেজী ভাষায় হালনাগাদ করতে হবে। কিছু কিছু ইউনিয়নে জনপ্রতিনিধিদের তালিকাসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ নাই দ্রুত হালনাগাদ করার জন্য বলা হল। বিভিন্ন ইউনিয়ন পোর্টাল পর্যালোচনা করে দেখে যায় যে, নোটিশ, খবর, কর্মকর্তা, কর্মচারী, সিটিজেন চার্টার, তথ্য প্রদানকারী কর্মকর্তা, অনিক ও আপীল কর্মকর্তা নিয়মিত হালনাগাদ করেন না। ইউনিয়ন পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। | (ক) ইউপি সচিব (সকল)।<br>(খ) হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>(গ) ইউডিসি উদ্যোক্তা (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | ইউডিসির আয় ও সেবা প্রদান সংক্রান্ত | (ক) ইউডিসি উদ্যোক্তাগণ নিয়মিত আয় ও সেবার তথ্য রেজিস্ট্রারে প্রতিদিন লিখবেন ও একসেবা মনিটরিং টুলে নিয়মিত আপলোড করবেন এবং প্রতি মাসের তিন তারিখের মধ্যে আয়,ব্যায় ও সেবার তথ্য ছক মোতাবেক প্রেরণ নিশ্চিত করবেন।<br>(খ) কোন ইউনিয়নে উদ্যোক্তা (পুরুষ /মহিলা) না থাকলে আগামী ১০ কর্মদিবসের মধ্যে নিয়ম অনুযায়ী নিয়োগ প্রদান করার ব্যবস্থা করতে হবে | ক) চেয়ারম্যান (সকল)<br>খ) ইউপি সচিব (সকল)।<br>গ) ইউডিসি উদ্যোক্তা (সকল)। |
| ০৪ | আইসিটিডি ডিজিটাল ল্যাব, আইসিটিডি স্কুল অফ ফিউচার এবং রোবটিক্স কর্ণার এর যথাযথ ব্যবহার | আইসিটি অধিদপ্তর কর্তৃক পাইকগাছা উপজেলায় ১২ টি শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটিডি ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। এছাড়াও ০১ টি শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটিডি স্কুল অফ ফিউচার এবং রোবটিক্স কর্ণার স্থাপন করা হয়েছে। এই ল্যাবগুলির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। ল্যাবগুলিতে ব্যাচ করে প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রশিক্ষণ প্রদানের প্রতিবেদন প্রতিমাসে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রতিটি আইসিটিডি ডিজিটাল ল্যাবের (স্টক, মাল্টিমিডিয়া ক্লাসরুম, ছাত্র/ছাত্রী ব্যবহারকারী ও শিক্ষকবৃন্দদের ল্যাব ব্যবহার) রেজিষ্টার হালনাগাদ রাখতে হবে। প্রতি পনের দিন পর পর ল্যাব ব্যবহারকারীর তথ্য (ছাত্র-ছাত্রী, শিক্ষক, দিনে কত ঘন্টা ল্যাব ব্যবহার) উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করতে হবে। | ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।<br>(খ) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার (সংশ্লিষ্ট সকল) আইসিটিডি কম্পিউটার ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান। |
| ০৫ | মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত | পাইকগাছা উপজেলায় ৪৬ টি প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস নেওয়ার ব্যবস্থা করতে হবে। মাল্টিমিডিয়া ক্লাস সংক্রান্ত তথ্য অনলাইনে আপলোড নিশ্চিত করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | (ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ০৬ | ডি-নথি বাস্তবায়ন সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ডি-নথি কার্যক্রম চলমান আছে। এছাড়া অন্যান্য যে সকল দপ্তরে ডি-নথি লাইভে আছে সে সকল দপ্তরে নথি কার্যক্রম বেগবান করতে হবে। | (ক) উপজেলা নির্বাহী অফিসার।<br>(খ) সহকারী প্রোগ্রামার।<br>(গ) সংশ্লিষ্ট অফিস প্রধান। |
| ০৭ | ইনফো সরকার ফেজ-২ সংক্রান্ত | ইনফো সরকার ফেজ-২ প্রকল্পের মাধ্যমে উপজেলার যে সকল অফিসে ইন্টারনেট ক্যানেকটিভিটি রয়েছে তাদেরকে ইন্টারনেট সংক্রান্ত সমস্যা হলে সার্পোট ইঞ্জিনিয়ার, বিসিসি খুলনার প্রতিনিধি মোবাইল নং০১৭৫৪৫৫৮১০২ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। | সার্পোট ইঞ্জিনিয়ার বিসিসি খুলনা |
| ০৮ | সরকারী ই-মেইল ব্যবহার সংক্রান্ত | ই-মেইল এর ব্যবহার নিশ্চিত করণের বিষয়ে দৃষ্টি রাখার জন্য সকল অফিসারগণকে অনুরোধ জানানো হয়েছে এবং সকল বিভাগ/সংস্থার তথ্য আদান প্রদানে সরকারি ই-মেইলের মাধ্যমে যোগাযোগ বাস্তাবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | (ক)সকল বিভাগীয় অফিসার। |
| ০৯ | বিভাগীয় দপ্তর ও ইউনিয়ন ওয়েব পোর্টালের নিরাপত্তা/ পাসওয়ার্ড সংক্রান্ত | বিভাগীয় দপ্তর ও ইউনিয়ন ওয়েব পোর্টালের পাসওয়ার্ড জরুরিভিত্তিতে পরিবর্তন/রিসেট করতে হবে। পাসওয়ার্ড শক্তিশালী করতে Upper case, lower case, sign, symbol সমন্বয়ে পাসওয়ার্ড রিসেট করতে হবে। ডিফল্ট পাসওয়ার্ড কোনভাবেই রাখা যাবেনা। এছাড়াও ওয়েবপোর্টালের টু-ফেক্টর অথেনটিকেসন চালু রাখতে হবে। | (ক) সকল বিভাগীয় অফিসার।<br>(খ) ইউপি সচিব (সকল), পাইকগাছা, খুলনা। |
| ১০ | ইডিসি প্রকল্প সংক্রান্ত | ইডিসি প্রকল্পের আওতায় পাইকগাছা উপজেলায় ২৯০ টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপন করা হবে। ১৭৮ টি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ স্থাপনের কাজ শেষ হয়েছে। ইন্টারনেট সংক্রান্ত সমস্যা হলে ভেন্ডর 'সার্কেল নেটওয়ার্ক' এর সাথে (০১৯৫৮১১৩০৬৮, ০১৯৪৪৪৫২২০, ০১৯৪৪৪৫৫১০৮) যোগাযোগ করা যেতে পারে।<br>এছাড়াও ইডিসি প্রকল্পের আওতায় অত্র উপজেলায় "উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" স্থাপনের কাজ চলমান আছে।<br>এছাড়াও এই প্রকল্পের আওতায় এন্ড ইউজার কানেক্টিভিটি প্রদান পরবর্তি গ্রাহক পর্যায়ে ১০৯ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান গত ২৪/০২/২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।<br>খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>গ) উপজেলা শিক্ষা অফিসার<br>ঘ) সহকারী প্রোগ্রামার, পাইকগাছা, খুলনা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

০৩-০৩-২০২৬
ওয়াসিউজ্জামান চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
ফোন : ০২৪৭৭৭৩১৬০৬
ইমেইল : unopaikgacha@mopa.gov.bd

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৪৭৬৪.০০০.০০০.০৬.০০০১.১৯.১০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২। জেলা প্রশাসক, খুলনা।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।
৪। প্রশাসক, পাইকগাছা উপজেলা পরিষদ।
৫। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা।
৬। উপজেলা ........................কর্মকর্তা, পাইকগাছা, খুলনা।
৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার......................................., পাইকগাছা, খুলনা।
৮। পরিচালক, সার্কেল নেটওয়ার্ক, (ক্যানেক্টিভিটিসহ ইন্টারনেট নিশ্চিত করার অনুরোধসহ)।
৯। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), পাইকগাছা, খুলনা।
১০। উদ্যোক্তা (সকল), ইউনিয়ন ডিজিটাল সেন্টার, পাইকগাছা, খুলনা।
১১। জনাব........................................................., পাইকগাছা, খুলনা এবং
১২। অফিস নথি, ।

০৩-০৩-২০২৬
মোঃ আব্দুস সামাদ
সহকারী প্রোগ্রামার